

পাবদা পোনার নার্সারি ব্যবস্থাপনাঃ



মো: আজমল হোসেন
যুব প্রশিক্ষণ কেন্দ্র,
যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া

পাবদা পোনার নার্সারি ব্যবস্থাপনা

অর্থনৈতিক বিবেচনায় পাবদা মাছের নার্সারি কার্যক্রম। অত্যন্ত লাভজনক হওয়ায়, উন্নত পদ্ধতি অনুসরণ করে এ মাছের নার্সারি ব্যবস্থাপনা করা প্রয়োজন। এতে পোনা মৃত্যুর হার কম হওয়ার পাশাপাশি অধিক মুনাফা অর্জন করা সম্ভব হয়। এ মাছের নার্সারির জন্য সাধারণত ৩-৫ দিন বয়সের রেণু পোনা নার্সারি পুকুরে মজুদের ব্যবস্থা নিতে হয়।

পুকুর নির্বাচনঃ

- যে কোনো অগভীর, বাৎসরিক বা মৌসুমি পুকুরকে পাবদা মাছের পোনা প্রতিপালনের জন্য নার্সারি পুকুর হিসেবে ব্যবহার করা হয়ে থাকে। নার্সারি পুকুরের আয়তন ২০-৪০ শতাংশ এবং গভীরতা ০.৮০-১.০ মিটার হলে ভালালো হয়।



পুকুর প্রস্তুতিঃ

- ✓ প্রস্তুতির সময় পুকুর ভালোভাবে ৫-৭ দিন শুকিয়ে নিতে হয় এবং পুকুরের তলার পচা কালো কাদা উঠিয়ে ফেলতে হবে। পুকুরের তলদেশে একাধিকবার মই দিয়ে সমতল করতে হবে। অতঃপর প্রতি শতাংশে ৩০০-৫০০ গ্রাম হারে চুন প্রয়োগ করতে হবে। চুন দেয়ার ০৩ দিন পরে ০৩ ফুট পরিমাণ পানি দিয়ে পূর্ণ করতে হবে। পানি দিয়ে পূর্ণ করার পর প্রতি শতাংশে ৫০ গ্রাম ময়দা পানিতে গুলে দিতে হবে। হাঁস পোকা নিধনের জন্য রেগু ছাড়ার ২৪ ঘণ্টা পূর্বে প্রতি শতাংশে ১০ মিলি সুমিথিয়ন প্রয়োগ করতে হবে।



চাষের জন্য পুকুর নির্বাচন ও প্রস্তুতিঃ

- মিশ্রচাষের জন্য ২০-৮০ শতাংশ আয়তনের পুকুর নির্বাচন করতে হবে, যেখানে বছরে কমপক্ষে ৬-৭ মাস ৪-৬ ফুট পানি থাকে।
- পুকুর থেকে রান্ধুসে ও অবাঞ্ছিত মাছ দূর করতে মিহি ফাসের জাল বার বার টেনে এদের সরাতে হবে।
- রান্ধুসে ও অবাঞ্ছিত মাছ দূর করার পর শতাংশে। কেজি হারে চুন প্রয়োগ করতে হবে।
- চুন প্রয়োগের ৩-৪ দিন পর শতাংশ প্রতি ৫০ গ্রাম ইউরিয়া ও ১০০ গ্রাম টিএসপি প্রয়োগ করতে হবে।
- সার প্রয়োগের ০২-০৩ দিন পর পুকুরের পানি সবুজাভ অথবা বাদামি হলে পোনা মজুদের ব্যবস্থা নিতে হবে।
- প্রস্তুতকৃত পুকুরে প্রতি শতাংশে ৬০-৭০ গ্রাম পাবদা মাছের রেণু পোনা ছাড়া যায়। পুকুরে রেণু মজুদের পর ০১ দিন অন্তর অন্তর হররা টানতে হবে।



পোনা মজুদঃ

- মিশ্র চাষের জন্য ৬-৭ সেমি আকারের পাবদা, ৪-৫ সে.মি আকারের গুলশা, ১৫-১৮ সেমি আকারের রুইজাতীয় মাছের সুস্থ-সবল পোনা নিম্নের সারণি অনুযায়ী মজুদ করতে হবে।

| মাছের প্রজাতি | পোনার আকার (সে.মি.) | মজুদ ঘনত্ব / একর |
|---------------|---------------------|------------------|
| পাবদা | ৬-৭ | ১০০০০০ |
| গুলশা | ৪-৫ | ২০০০০ |
| রুই | ১৫-১৮ | ৫০০ |
| কাতলা | ১৫-১৮ | ২০০ |



খাদ্য ব্যবস্থাপনাঃ

- পোনা ছাড়ার দিন থেকে ৩০% প্রোটিনসমৃদ্ধ ভাসমান পিলেট খাদ্য সন্ধ্যায় ও খুব সকালে নিমের সারণি অনুযায়ী প্রয়োগ করতে হবে।

| দৈহিক ওজন (গ্রাম) | খাদ্য প্রয়োগের হার (%) | খাদ্যের ধরন |
|-------------------|-------------------------|---|
| ২-৭ | ১২ | নার্সারি (পাউডার) |
| ৮-১৩ | ১০ | নার্সারি-০.৫ মি.মি. ভাসমান পিলেট খাদ্য |
| ১৪-১৯ | ৮ | স্টার্টার-১ বা ০.৮ মি.মি. ভাসমান পিলেট খাদ্য |
| ২০-২৫ | ৭ | স্টার্টার-১ বা ১.০ মি.মি. ভাসমান পিলেট খাদ্য |
| ২৬-৩১ | ৬ | স্টার্টার-২ বা ১.৫ মি.মি. ভাসমান পিলেট খাদ্য |
| ৩২-৩৭ | ৫ | স্টার্টার-২ বা ১.৫ মি.মি. ভাসমান পিলেট খাদ্য। |
| ৩৮-৪৩ | ৪ | স্টার্টার-২ বা ১.৫ মি.মি. ভাসমান পিলেট খাদ্য। |
| ৪৪-৫০ | ৪ | স্টার্টার-২ বা ১.৫ মি.মি. ভাসমান পিলেট খাদ্য। |

धन्यवाद